DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 11:40 PM

আন্তর্জাতিক

# টাইফুন ডলফিনে বিপর্যস্ত চীন, সরানো হলো ১০ লাখ মানুষ

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ১০ আগস্ট ২০২৬, ০৮:৫৫ PM



চীনের পূর্ব উপকূলে শক্তিশালী টাইফুন ডলফিন আঘাত হেনেছে। ঝড়ের প্রভাবে সাংহাইয়ের দুই বিমানবন্দরে প্রায় ১ হাজার ৪০০ ফ্লাইট বাতিল করা হয়েছে। ঝুঁকিপূর্ণ এলাকা থেকে ১০ লাখের বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে।

চীনের আবহাওয়া দপ্তর জানায়, রোববার বিকেল সাড়ে ৫টার দিকে ঝেজিয়াং প্রদেশের ইউহুয়ান শহরের কাছে টাইফুন ডলফিন স্থলভাগে আঘাত হানে। এ সময় ঝড়ের কেন্দ্রের কাছে বাতাসের গতিবেগ ঘণ্টায় ১৫০ কিলোমিটারের বেশি ছিল।

টাইফুনের প্রভাবে ঝেজিয়াং ও ফুজিয়ান প্রদেশের উপকূলীয় এলাকায় বড় ঢেউ ও ভারী বৃষ্টি হয়েছে। ঝেজিয়াংয়ে বন্যা ও ভূমিধসের আশঙ্কায় সতর্কতা জারি করেছে কর্তৃপক্ষ।

ওয়েনঝৌ শহর থেকেই প্রায় ৯ লাখ মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। এ ছাড়া সাধারণ মানুষের জন্য এক হাজারের বেশি জরুরি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। ফুজিয়ানের ঝুঁকিপূর্ণ এলাকা থেকে আরও প্রায় ৯৯ হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে।

ঝড়ের কারণে সাংহাইয়ের হংকিয়াও ও পুডং বিমানবন্দরে প্রায় ১ হাজার ৪০০টি ফ্লাইট বাতিল করা হয়েছে। ঝেজিয়াংয়ের হাংঝৌ

বিমানবন্দরেও প্রায় ২৭০টি ফ্লাইট বাতিল হয়েছে। নিরাপত্তার কারণে কয়েকটি এলাকায় ট্রেন চলাচলও বন্ধ রাখা হয়েছে।

ঝেজিয়াং ও ফুজিয়ান অঞ্চলে ২০০টির বেশি ফেরি চলাচল স্থগিত করা হয়েছে। উপকূলীয় প্রকল্পের কাজও বন্ধ রাখা হয়েছে। নিরাপত্তার জন্য নির্মাণকাজে ব্যবহৃত অনেক জাহাজ বন্দরে ফিরিয়ে নেওয়া হয়েছে।

চীনের জাতীয় আবহাওয়া কেন্দ্র রোববার টাইফুন ডলফিনের জন্য সর্বোচ্চ সতর্কতা ‘রেড অ্যালার্ট’ জারি করে। আবহাওয়া বিভাগ জানিয়েছে, ঝেজিয়াংয়ের কিছু এলাকায় ২৫০ থেকে ৫০০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টিপাত হতে পারে।

এ ছাড়া সোমবার বিকেল পর্যন্ত সাংহাই, ফুজিয়ান, আনহুই ও জিয়াংসু প্রদেশের কিছু এলাকায় ভারী বৃষ্টিপাতের আশঙ্কা রয়েছে।

সূত্র: রয়টার্স


---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই ‘নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে’ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



**হরমুজকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প**

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



**ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট**

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/taifun-dlfine-biprjst-chin-srano-hlo-10-lakh-manush